রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২২ সনের ১০ নং

# বাংলাদেশ গেজেট

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, মার্চ ১০, ২০২২**

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১০৫—১১২ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১৩—১২০ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৩৫—২৫০ | (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ অগ্রহায়ণ ১৪২৮/১৩ ডিসেম্বর ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-১১৩৬**—মেহেরপুর জেলার গাংনী থানার মামলা নং-২০/২৭৫, তারিখ: ১২-১১-২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯(৩)/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ/১২ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৭.২৭.০১০.২০২১-১২৩**—যেহেতু, জনাব মোঃ আবজাউল আলম, সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী হিসেবে গত ০৯-১০-২০১৬ খ্রিঃ তারিখ হতে ২৭-০৮-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন;

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু আপনি রাজশাহীতে কর্মরত থাকাকালে গত ০৭-০৬-২০১৭ খ্রিঃ তারিখের ইআইডি নং 8101000003206400 এর আবেদনকারী জনাব হাফিজ আহমেদ এর পুলিশ তদন্ত প্রতিবেদনে নেতিবাচক সুপারিশ থাকা সত্ত্বেও উক্ত আবেদনকারীর অনুকূলে আপনার আইডি থেকেই পাসপোর্ট নং BQ-0178260 ইস্যুর অনুমোদন করেছেন;

যেহেতু, আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' বিধায় বিভাগীয় মামলা ০৯/২০২১/পাসপোর্ট রুজুপূর্বক এ বিভাগের ০৮-১১-২০২১ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০১০.২০২১.১০২ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। আপনি জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ০৯-১২-২০২১ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ, প্রাথমিক তদন্ত, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় এবং কৈফিয়তের জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত;

সেহেতু, জনাব মোঃ আবজাউল আলম, সহকারী পরিচালক এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২) এর (ঘ) বিধি মোতাবেক "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড প্রদান করা হলো। জনাব মোঃ আবজাউল আলম এর বর্তমান বেতন স্কেল ৯ম গ্রেড (২২,০০০—৫৩,০৬০/-) এবং মূল বেতন ৩০,৯৯০/-টাকা। অবনমিত ধাপে বর্তমান স্কেলে তাঁর মূল বেতন হবে ২২,০০০/-টাকা।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোকাব্বির হোসেন**
সচিব।

---

**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ/০৯ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৮৫.২৩.০১৯.১৮-৩৬৮**—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২০২১ উপলক্ষে লঘু অপরাধে দণ্ডিত অর্ধেকের বেশি সাজাভোগকৃত কয়েদিদের মুক্তি প্রদানের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি ৪০১(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নবর্ণিত ১১ (এগারো) জন কয়েদির অবশিষ্ট কারাদণ্ড মওকুফ করা হয়েছে :

| ক্রঃ নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম, বয়স ও মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|
| ০১ | কয়েদি নং-৭৪৪৯/এ, মোঃ সোহেল চৌধুরী @ বাবু, পিতা-মৃত আবেদ আলী, বয়স-২৬ বছর, জি.আর মামলা নং-৫৭৯/১৬ | ঢাকা কেন্দ্রীয় কারাগার |
| ০২ | কয়েদি নং-৬২২৫/এ, হেলাল উদ্দিন, পিতা-মোঃ রেহান উদ্দিন, বয়স-৪৬ বছর, সি.আর মামলা নং-১৫৬৭/১০ | ঢাকা কেন্দ্রীয় কারাগার |
| ০৩ | কয়েদি নং-৭০২৬/এ, কার্তিক বর্মন, পিতা-মৃত প্রফুল্ল বর্মন, বয়স-৩৮ বছর, সি.আর মামলা নং-৪৭/১৭ | ঢাকা কেন্দ্রীয় কারাগার |
| ০৪ | কয়েদি নং-৫২/এ, সাহাবুদ্দিন, পিতা-নুরুল হক পাটওয়ারী, বয়স-৫২ বছর, সি.আর মামলা নং-৫৩৮/২০১২ | লক্ষ্মীপুর জেলা কারাগার |
| ০৫ | কয়েদি নং-২৯৭/এ, মোঃ মাহমুদ হোসাইন, পিতা- হোসাইন আহম্মদ প্রঃ দ্বীন মোহাম্মদ, বয়স-৪৪ বছর, জি.আর মামলা নং-৮৮৮/২০১৪ | লক্ষ্মীপুর জেলা কারাগার |
| ০৬ | কয়েদি নং-৪৮৬৪/এ, মোঃ আলতাফ হোসেন ফারুক, পিতা- মোঃ সিরাজ উদ্দিন হাওলাদার, বয়স-৫০ বছর, সি.আর মামলা নং-১৭৮/১৯ | ঝালকাঠী জেলা কারাগার |
| ০৭ | কয়েদি নং-৩০৩৬/এ, উচি অং মার্মা প্রকাশ উমং মার্মা, পিতা-মং শৈ প্রু মার্মা, বয়স-২৭ বছর, জি.আর মামলা নং-৩৬০/১৭ | রাঙ্গামাটি জেলা কারাগার |
| ০৮ | কয়েদি নং-৪২১৬/এ, মোঃ জয়নাল, পিতা-মোঃ ইস্রাফিল, বয়স-৩০ বছর, জি.আর মামলা নং ৮৮৮/১৪ | জয়পুরহাট জেলা কারাগার |
| ০৯ | কয়েদি নং-৪১৭৪/এ, মোঃ রাজিব মিয়া, পিতা-মোহাম্মদ আলী, বয়স-৩৫ বছর, সি.আর মামলা নং-৩৭/২০১২ | নরসিংদী জেলা কারাগার |
| ১০ | কয়েদি নং-৩৬৮৯/এ, মোঃ সিদ্দিক খলিফা, পিতা-মৃত আবু খলিফা, বয়স-৪১ বছর, সি.আর মামলা নং-১৯৩/১২ | পাবনা জেলা কারাগার |
| ১১ | কয়েদি নং-৬০৪৬/এ, মোঃ রহিম মিয়া, পিতা-মোঃ ধানেছ আলী, বয়স-৩৬ বছর, সি.আর মামলা নং-০৩/১৩ | রংপুর কেন্দ্রীয় কারাগার |

০২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

০৩। জরিমানার অর্থ আদায়পূর্বক মুক্তির বিষয়টি কার্যকর করতে হবে।

০৪। অন্য কোন কারণে উপরোক্ত কয়েদিদের আটক রাখার আবশ্যকতা না থাকলে তাদেরকে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২০২১ উপলক্ষে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ পৌষ ১৪২৮/১৯ ডিসেম্বর ২০২১

নং **২৩.০০.০০০০.২৫০.২৭.০৩৫.১৯.২২৫**—যেহেতু, জনাব এ এস এম আলমগীর হোসেন (১৪৬৩), উপসহকারী প্রকৌশলী, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা ১৫ জানুয়ারি ২০১৭ থেকে ১৮ জানুয়ারি ২০১৭ তারিখ পর্যন্ত গণপ্রজাতন্ত্রী চীনে ২০,০০০ (বিশ হাজার) সেট বেয়নেট উইথ সীথ কেসিং (ফিনিশড) এর পিএসআই করেন। পরবর্তীতে দ্রব্যগুলো আইএএন্ডই কর্তৃক প্রত্যাখ্যাত হয় এবং চীনে পরিদর্শনকালে তিনি অবহেলা ও চরম উদাসীনতার জন্য ত্রুটিপূর্ণ বেয়নেটের ত্রুটি চিহ্নিত না করে এবং ২০,০০০ (বিশ হাজার) বেয়নেট পরিদর্শনের জন্য প্রস্তুত থাকার স্থলে ১০,০০০ (দশ হাজার) বেয়নেট প্রস্তুত পাওয়ার বিষয়টি পিএসআই রিপোর্টে উল্লেখ না করে বেয়নেট সমূহ (Provisionally Accept) করেন; চুক্তি অনুযায়ী পণ্যের CFR (Cost and Freight Rate) মূল্য টাকা ৩,৪৩,৮৯,৮৬৩/-
(তিন কোটি তেতাল্লিশ লক্ষ ঊননব্বই হাজার আটশত তেষট্টি টাকা);

যেহেতু, সরবরাহকৃত বেয়নেটসমূহের অধিকাংশ ত্রুটিপূর্ণ এবং এই ত্রুটিপূর্ণ বেয়নেটসমূহের ত্রুটি মেরামত করা কঠিন। তাছাড়া কিছু কিছু ক্রুটি মেরামত করা হলেও টেকসই হবে না। অধিকন্তু যে সকল বেয়নেট উইথ সিথ কেসিং বাহ্যিকভাবে কার্যোপযোগ্য মনে হয়েছে সে সকল বেয়নেট উইথ সিথ কেসিংও স্বল্পকালীন ব্যবহারের পর ত্রুটি/বিচ্যুতিসমূহ উক্ত বেয়নেট সমূহে দেখা দেওয়ার যথেষ্ট আশঙ্কা রয়েছে। এতে চুক্তিনামার ব্যত্যয়সহ সরকারের বর্ণিত আর্থিক ক্ষতি ও প্রশাসনিক জটিলতার সৃষ্টি হয়েছে বিধায় তাঁর বিরুদ্ধে 'The Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules-1961' এর ৭(২) উপবিধি অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানী চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত জনাব এ এস এম আলমগীর হোসেন (১৪৬৩) ১২ নভেম্বর ২০১৯ তারিখে বিভাগীয় মামলার কারণ দর্শানোর নোটিশের জবাব এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন। গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকতার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৯ আগস্ট ২০২০ তারিখের ২৩.০০.০০০০.২৫০.২৭.০২৫.১৮.৯৭ নম্বর স্মারকপত্রের মাধ্যমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন যে, পিএসআই হতে সংগ্রহকৃত প্লাস্টিকের নমুনা বাংলাদেশ সমরাস্ত্র কারখানায় নিযুক্ত আইএএন্ডই কর্তৃক পরিমাপ করা হয় এবং আইএএন্ডই নমুনাগুলো পরীক্ষা ও পরিমাপের পর সামান্য পরিমানে ত্রুটি থাকলেও তা ব্যবহার উপযোগী মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত এ এস এম আলমগীর হোসেন (১৪৬৩) একজন ২য় শ্রেণির (১০ম গ্রেড) উপসহকারী প্রকৌশলী হিসেবে বাস্তব কর্ম অভিজ্ঞতা কম থাকার কারণে বর্ণিত ত্রুটি হতে উত্তরণের লক্ষ্যে Finished Component ক্রয়ের ক্ষেত্রে আইএএন্ডই এর একজন প্রতিনিধি PSI (পিএসআই) দলে অন্তর্ভুক্তির জন্য তদন্ত পর্ষদ মত পোষণ করে এবং তদন্ত প্রতিবেদনে আরও উল্লেখ করা হয় যে, অভিযুক্ত এ এস এম আলমগীর হোসেন (১৪৬৩) একজন মেধাবী ও নিবেদিত কর্মকর্তা এবং বাংলাদেশ সমরাস্ত্র কারখানার বিভিন্ন উন্নয়নমূলক কাজে আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছেন;

যেহেতু, প্রাপ্ত তদন্ত প্রতিবেদন, কারণ দর্শানোর নোটিশের জবাব, প্রাসঙ্গিক প্রদর্শিত কাগজপত্র, উপস্থিত সাক্ষীগণের সাক্ষ্য এবং শুনানী পর্যালোচনান্তে অভিযুক্ত উপসহকারী প্রকৌশলী জনাব এ এস এম আলমগীর হোসেন (১৪৬৩)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, সার্বিক বিবেচনায় বাংলাদেশ সমরাস্ত্র কারখানার উপসহকারী প্রকৌশলী জনাব এ এস এম আলমগীর হোসেন (১৪৬৩)-কে 'The Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules-1961' এর উপবিধি ৭(২) অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ 'অসদাচরণ' এর দায় হতে অব্যাহতিঅন্তে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সেলিনা হক**
অতিরিক্ত সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২২ পৌষ ১৪২৮/০৬ জানুয়ারি ২০২২

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-১২**—বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৭ নং অর্ডার) এর অনুচ্ছেদ ৯(৩)(ডি) অনুযায়ী নিয়োগকৃত বাংলাদেশ ব্যাংকের পরিচালক পর্ষদের পরিচালক জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড-কে [বর্তমান পদে থাকা সাপেক্ষে] উক্ত আইনের অনুচ্ছেদ ১৪(৩) অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের পরিচালক পর্ষদে পরিচালক পদে তাঁর নিয়োগের চলতি মেয়াদ সমাপনান্তে আরো ২ (দুই) বছর মেয়াদে পুনঃনিয়োগ প্রদান করা হলো।

০২। জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০১১.১৭-১১**—দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ এর সংঘ-স্মারক (Memorandum of Association) এর অনুচ্ছেদ ২৫ মোতাবেক দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ এর পরিচালনা পর্ষদে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রতিনিধি হিসেবে নিয়োগকৃত পরিচালক জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড-কে [বর্তমান পদে থাকা সাপেক্ষে] উক্ত কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক পদে তাঁর নিয়োগের চলতি মেয়াদ সমাপনান্তে আরো ২ (দুই) বছর মেয়াদে পুনঃনিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অধিশাখা-৩ (শুল্ক)**

**আদেশাবলী**

তারিখ : ২৮ অগ্রহায়ণ ১৪২৮/১৩ ডিসেম্বর ২০২১

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৯৩.১১-১৪৩**—যেহেতু, মোহাম্মদ রাশেদুল আলম, অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট; ইতঃপূর্বে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা এর অতিরিক্ত কমিশনার থাকাকালীন কাস্টমস, এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ অনুযায়ী গঠিত কমিটির সভাপতি ছিলেন। সিএন্ডএফ এজেন্ট ও শিপিং এজেন্ট লাইসেন্স প্রদানের লক্ষ্যে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় এককভাবে অসৎ উদ্দেশ্যে প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন করে পরীক্ষার ফলাফল প্রকাশ ব্যতিরেকে সিএন্ডএফ এজেন্ট ও শিপিং এজেন্ট লাইসেন্স ইস্যু করেন মর্মে অভিযোগ উত্থাপিত হয়। তদ্‌প্রেক্ষিতে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা উক্ত লাইসেন্স প্রদানের কার্যক্রম স্থগিত রাখার নির্দেশ দিলেও তিনি তা অমান্য করেন।

০২। যেহেতু, বর্ণিত অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগ আনয়নপূর্বক ০১/২০২০ নম্বর বিভাগীয় মোকদ্দমা রুজু করা হয় এবং এ বিভাগের ০৭ অক্টোবর ২০২০ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৯৩.১৯-৯৫ নম্বর স্মারকে অভিযোগ বিবরণী ও একই তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৯৩.১৯-৯৬ নম্বর স্মারকের মাধ্যমে অভিযোগনামা যথাযথ পদ্ধতিতে জারি করা হয়;

০৩। যেহেতু, অভিযোগনামার পরিপ্রেক্ষিতে তিনি লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। তদ্‌প্রেক্ষিতে গত ১১ জানুয়ারি ২০২১ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। আনীত অভিযোগসমূহ বিস্তারিত তদন্তের স্বার্থে এ বিভাগের ১৩ জানুয়ারি ২০২১ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৯৩.১১-১৭ নম্বর স্মারকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। দাখিলকৃত প্রতিবেদনে মোহাম্মদ রাশেদুল আলম এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক মতামত প্রদান করা হয়।

০৪। যেহেতু, অভিযোগনামার জবাব, তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট কাগজপত্র ও অন্যান্য তথ্য প্রমাণাদিসহ সার্বিক পর্যালোচনায় মোহাম্মদ রাশেদুল আলম, অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট (সাবেক-অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়নি।

০৫। সেহেতু, মোহাম্মদ রাশেদুল আলম (পরিচিতি নম্বর: ৩০০০৯৪), অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট (সাবেক-অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ হতে অব্যাহতি প্রদানপূর্বক কার্যধারাটি নিষ্পত্তি করা হলো।

তারিখ : ১৪ পৌষ ১৪২৮/২৯ ডিসেম্বর ২০২১

নং **০৮.০০.০০০০.০৩৮.২৭.০৮৩.১৬-১৪৯**—যেহেতু, হোসেন আহমদ, কমিশনার, কাস্টম হাউস, মোংলা {বর্তমানে সদস্য (চলতি দায়িত্ব), জাতীয় রাজস্ব বোড} কাস্টম হাউস, চট্টগ্রামে কর্মরত থাকাকালে উক্ত কাস্টম হাউসের ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্যপদে জনবল নিয়োগ সংক্রান্ত বিভাগীয় নির্বাচন কমিটির সভাপতি ছিলেন;

০২। যেহেতু, তিনি নিয়োগ কমিটির সভাপতি থাকা অবস্থায় উক্ত নিয়োগে উচ্চমান সহকারী পদে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করা হয়নি, প্রশ্নপত্র প্রস্তুতে বিলম্বে কারণে নির্ধারিত সময়ের পর লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়, বিভাগীয় নির্বাচন কমিটির অনুমোদন ব্যতীত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়, অননুমোদিতভাবে পাসের নম্বর নির্ধারণ করাসহ নিয়োগ পরীক্ষায় অস্বচ্ছতা ও অদক্ষতার কারণে নিয়োগ পরীক্ষা প্রশ্নবিদ্ধ হয়। ফলশ্রুতিতে, চট্টগ্রামের স্থানীয় পত্রিকায় উক্ত নিয়োগ পরীক্ষার বিষয়ে '০১ ঘন্টা দেরীতে নিয়োগ পরীক্ষা' ফলাফলের জন্য গভীর রাত পর্যন্ত অংশগ্রহণকারীদের অপেক্ষা' শিরোনামে খবর প্রকাশিত হয়;

০৩। যেহেতু, বর্ণিত বিষয়ে তাঁকে এ বিভাগের ১৩ সেপ্টেম্বর ২০১৫ তারিখের ৬৭৭ নম্বর স্মারকে কারণ দর্শানো হলে তিনি নির্ধারিত সময়ে জবাব প্রদান করেননি;

০৪। যেহেতু, এ সকল অভিযোগের বিষয়ে প্রাথমিক তদন্ত করা হয়। তদন্তে তাঁর বিরুদ্ধে নিয়োগ পরীক্ষায় অস্বচ্ছতা ও অদক্ষতাসহ অন্যান্য অভিযোগসমূহের প্রাথমিক সত্যতা পাওয়া যায়;

০৫। যেহেতু, উল্লিখিত অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী বিভাগীয় মোকদ্দমা রুজু করা হয়। মাহামান্য হাইকোর্ট বিভাগের রীট মামলার আদেশ অনুযায়ী উক্ত মামলার কার্যক্রম স্থগিত থাকে। পরবর্তীতে উক্ত রীট মামলা প্রত্যাহারের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধান অনুযায়ী উক্ত বিধিমালার বিধি-৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ আনয়নপূর্বক ০৩/২০২১ নম্বর বিভাগীয় মোকদ্দমা রুজু করা হয় এবং এ বিভাগের ২৮ জুন ২০২১ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৮৩.১৬-৮০ নম্বর স্মারকে অভিযোগ বিবরণী এবং ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৮৩.১৬-৮১ নম্বর স্মারকে অভিযোগনামা জারি করা হয়;

০৬। যেহেতু, অভিযোগনামার পরিপ্রেক্ষিতে তিনি জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন এবং ১৯ জুলাই ২০২১ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তদানুযায়ী অভিযোগসমূহ তদন্তের জন্য মোঃ শফিকুর রহমান, যুগ্মসচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ- কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৭। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়;

০৮। যেহেতু, অভিযোগনামার জবাব, ব্যক্তিগত শুনানী, তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট কাগজপত্র ও সার্বিক বিষয় পর্যালোচনায় হোসেন আহমদ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে।

০৯। সেহেতু, হোসেন আহমদ (পরিচিতি নম্বর-৩০০৪৩), কমিশনার, কাস্টম হাউস, মোংলা {বর্তমানে সদস্য (চলতি দায়িত্ব), জাতীয় রাজস্ব বোর্ড} সাবেক কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(২)(ক) অনুযায়ী 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**[প্রজ্ঞাপন]**

তারিখ : ০৮ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ/২৩ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ।

নং **০৩৪/২০২১/কাস্টমস/৩৮০**।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-11 এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসেবে ঘোষণা করা হলো, যথা :—

| মৌজার নাম | উপজেলা | জেলা | জে. এল. নং | দাগ নং | জমির পরিমাণ (মোট) | চৌহদ্দি |
|---|---|---|---|---|---|---|
| লালচাঁদপুর ও মহেশপুর | রংপুর সদর | রংপুর | ২২ ও ০১ | ৬৩২২, ৬৩২৬, ৬৩২৭, ৬৩২৮, ৬৩২৯, ৬৩৩০, ৬৩৩১, ৬৩৩২, ৬৩৩৩, ৬৩৩৪, ৬৩৩৬, ৬৩৩৭, ৬২৮১, ৬৩৮২, ৬৩৮৩, ৬৩৮৪ | ৩.১৬৫ একর | (ক) মৌজা চৌহদ্দি: (লালচাঁদপুর)<br>(অ) পূর্বে: হরকলি আরজী কিসামত হরকলি<br>(আ) পশ্চিমে: হাজীপুর/ দোহাজারী<br>(ই) উত্তরে: আলদাতপুর<br>(ঈ) দক্ষিণে: মহেশপুর<br>(খ) মৌজা চৌহদ্দি: (মহেশপুর)<br>(অ) পূর্বে: আরজী কিসামত হরকলি, হরকলি<br>(আ) পশ্চিমে: সৈয়দপুর<br>(ই) উত্তরে: লালচাঁদপুর<br>(ঈ) দক্ষিণে: খারুয়াবাধা |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ডল**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ পৌষ ১৪২৮/০৪ জানুয়ারি ২০২২

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২৭.১৭-০৭**—বীমা কর্পোরেশন আইন, ২০১৯ এর ৯(১)(ঘ) ধারা অনুযায়ী জীবন বীমা কর্পোরেশন এর পরিচালনা বোর্ডে 'বাণিজ্য' মন্ত্রণালয়ের প্রতিনিধি' ক্যাটাগরিতে নিয়োগপ্রাপ্ত জনাব জিনাত আরা, যুগ্মসচিব অন্যত্র বদলী হওয়ায় তাঁর স্থলে জনাব মোঃ ওয়াহিদুজজামান, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়- কে উক্ত কর্পোরেশন এর পরিচালনা বোর্ডে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ থেকে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ পৌষ ১৪২৮/২২ ডিসেম্বর ২০২১

নং **৩৭.০০.০০০০.০৭৮.০৮.০০৬.২০১০-৩৫১**—মহামান্য রাষ্ট্রপতির ও চ্যান্সেলর এর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৩১(১) ধারা অনুযায়ী অধ্যাপক ড. কামরুল আহসান, মেকানিক্যাল এন্ড প্রোডাকশন-ইঞ্জিনিয়ারিং বিভাগ, আহসানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি-কে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, ঢাকা-এর ভাইস চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ করা হলো :

ক) ভাইস চ্যান্সেলর পদে তার নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ বাতিল করতে পারবেন;

খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামিমা বেগম**
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৫**

**অফিস আদেশ**

তারিখ : ১২ পৌষ ১৪২৮/২৭ ডিসেম্বর ২০২১

নং **২৫.০০.০০০০.০১৮.২৭.০০৭.২০-৩৮৩**—যেহেতু, জনাব মোঃ মনিরুল মোর্শেদ, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকায় কর্মরত অবস্থায় গণপূর্ত অধিদপ্তর হতে উপ-সহকারী প্রকৌশলী হতে সহকারী প্রকৌশলী পদে পদোন্নতির প্রস্তাব গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় অগ্রগামী করা থেকে পাবলিক সার্ভিস কমিশন পর্যন্ত প্রস্তাব প্রেরণের লক্ষ্যে তথ্য ও প্রক্রিয়াগত কোন গড়মিল আছে কিনা সে বিষয়ে পরীক্ষান্তে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৮-১১-২০১৯ তারিখের ২৫.০০.০০০০.০১৩.১২.০০৪.১২.১১৫৮ নম্বর স্মারকে জনাব মোঃ ইমরুল চৌধুরী, অতিরিক্ত সচিবকে আহবায়ক করে ০২ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। অত্র মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি তদন্তপূর্বক ০৭-০১-২০২০ তারিখের ২৫.০০.০০০০.০০০.০১.০২৭.২০-০৬ নম্বর স্মারকে প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করার জন্য ০৫-০২-২০২০ তারিখের ২৫.০০.০০০০.০১৩. ১২.০০৪.১২-১৩২ নম্বর স্মারকে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ মনিরুল মোর্শেদ তার অধীনস্থ কর্মচারী জনাব মোহাম্মদ আলী এর মাধ্যমে ২০১৬(১ম) ও ২০১৮(২য়) সনের ০২টি বার্ষিক গোপনীয় প্রতিবেদন একটি আঠা লাগানো খামে মন্ত্রণালয়ে প্রেরণ করেন। গণপূর্ত অধিদপ্তর হতে বার্ষিক গোপনীয় প্রতিবেদনের বিষয়ে যে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে এ বিষয়ে আপনি একমত পোষণ করেন। তদন্ত কমিটির নিকট আপনি আরো স্বীকার করেন যে, আপনার ২০১৬(১ম) ও ২০১৮(২য়) সালের এসিআর গণপূর্ত অধিদপ্তরে জমা দেওয়া হয়নি। পরবর্তীতে, আপনার উক্ত ০২ খণ্ড এসিআর আপনার অধীনস্থ কর্মচারী জনাব মোহাম্মদ আলীর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করেন। আপনি আরো স্বীকার করেন যে, ০১-০১-২০১৬ হতে ২১-০৮-২০১৬ তারিখ পর্যন্ত বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রতিস্বাক্ষরটি প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা মতিঝিল গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আব্দুর রহিম রিপন এর নয়। স্বাক্ষরটি আপনার বন্ধুর দ্বারা জাল করে সরাসরি আপনার অধীনস্থ কর্মচারীর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করেন, যা বিধি সম্মত হয়নি। প্রতিস্বাক্ষরকারীর স্বাক্ষর জাল করে বার্ষিক গোপনীয় প্রতিবেদন দাখিল করার অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে ০১/২০২০ নম্বর বিভাগীয় মামলা রুজু করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের

১১-১০-২০২০ তারিখের ২৫.০০.০০০০.০১৮.২৭.০০৭.২০-২৩৮ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক আপনাকে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।

০২। যেহেতু, আপনার বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব এবং ০২-০২-২০২১ তারিখে প্রদত্ত ব্যক্তিগত শুনানির ভিত্তিতে ন্যায় বিচারের স্বার্থে অধিকতর তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব মোঃ আবুল কালাম আজাদ, উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়' কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা আপনার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগটি সুস্পষ্টভাবে প্রমাণিত মর্মে ০৬-১০-২০২১ তারিখে প্রতিবেদন দাখিল করেন।

০৩। যেহেতু, আপনি জনাব মোঃ মনিরুল মোর্শেদ, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ বিবরণী, অভিযোগমানা, নথি, তদন্ত প্রতিবেদন ও দাখিলকৃত লিখিত জবাব পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২(ঘ) মোতাবেক "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত হয়।

০৪। সেহেতু, জনাব মোঃ মনিরুল মোর্শেদ, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত ০১/২০২০ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(ঘ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে " বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" দণ্ড প্রদান করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**বিমান অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ পৌষ ১৪২৮ বঃ/১৩ জানুয়ারি ২০২২ খ্রিঃ

নং **৩০.০০.০০০০.০১৭.০১৮.০০৫.১৯-০৫**—'The Companies Act, 1994' এর আওতায় স্বাক্ষরিত Articles of Association of Biman Bangladesh Airlines Limited এর অনুচ্ছেদ-৩৮ অনুযায়ী ২০২২ সালের বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এর পরিচালনা পর্ষদ নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১ | জনাব সাজ্জাদুল হাসান, সিনিয়র সচিব (অবসরপ্রাপ্ত) সাগরদিয়া সপ্তক, ফ্ল্যাট নং-এ-১, বাড়ি নং-২৫, রোড নং-০৩, ধানমন্ডি, ঢাকা | চেয়ারম্যান |
| ২ | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | পরিচালক |
| ৩ | সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | পরিচালক |
| ৪ | সচিব/সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | পরিচালক |
| ৫ | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | পরিচালক |
| ৬ | সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয় | পরিচালক |
| ৭ | চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | পরিচালক |
| ৮ | সহকারী বিমান বাহিনী প্রধান (অপারেশন) | পরিচালক |
| ৯ | ইঞ্জিনিয়ার ইন চীফ, বাংলাদেশ সেনাবাহিনী | পরিচালক |
| ১০ | সভাপতি, বিজিএমইএ | পরিচালক |
| ১১ | ব্যারিস্টার তানজিবুল আলম, আইনজীবী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট | পরিচালক |
| ১২ | জনাব খন্দকার আতিক-ই-রব্বানী ব্যবস্থাপনা পরিচালক, দি কম্পিউটার্স লিমিটেড, ঢাকা মেট্রোপলিটন স্কাউট ভবন/মার্কেট, ৫৪, ইনার সার্কুলার রোড (১ম তলা), পুরানা পল্টন লাইন, ঢাকা | পরিচালক |
| ১৩ | ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বিমান বালাদেশ এয়ারলাইন্স লিমিটেড | পরিচালক (পদাধিকারবলে) |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আব্দুল আউয়াল**
উপসচিব।

---

**পর্যটন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ পৌষ ১৪২৮/১০ জানুয়ারি ২০২২

নং **৩০.০০.০০০০.০১৬.২২.০০১.১৭.৫৬৫**—সরকার এই মর্মে সন্তুষ্ট হইয়াছে যে, অপরিকল্পিত স্থাপনা নির্মাণ বা অন্য কোনরূপ কার্যক্রম গ্রহণের কারণে নিম্নলিখিত এলাকায় পর্যটন শিল্পের উন্নয়ন ও বিকাশ ব্যাহত হইতেছে বা ভবিষ্যতে আরও ব্যাহত হইবার আশংকা রহিয়াছে। এমতাবস্থায়, বাংলাদেশের পর্যটন শিল্প ও সেবা

খাতের পরিকল্পনা, উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে এবং পর্যটন সম্ভাবনাময় এলাকায় অপরিকল্পিত স্থাপনা নির্মাণ বা অন্য কোনরূপ কার্যক্রম নিয়ন্ত্রণকল্পে বাংলাদেশ পর্যটন সংরক্ষিত এলাকা ও বিশেষ পর্যটন অঞ্চল আইন, ২০১০ এর (৪) ধারার ক্ষমতাবলে এতদ্বারা নিম্নবর্ণিত এলাকা পর্যটন সংরক্ষিত এলাকা হিসেবে ঘোষণা করা হইল।

**জেলা: চট্টগ্রাম**
**উপজেলা: সীতাকুন্ড**

| পর্যটন সংরক্ষিত এলাকার নাম | এলাকা/ মৌজা | তফসিল (খতিয়ান নং, দাগ নং) | জমির পরিমাণ |
|---|---|---|---|
| গুলিয়াখালী সমুদ্র সৈকত এলাকা | জে. এল. নং-২৩ মৌজা: গুলিয়াখালী | বিএস খতিয়ান নং-০১ বিএস দাগ নং-৪৩০১ | ২৫৯.১০ একর |
| চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলার গুলিয়াখালী সমুদ্র সৈকত এলাকার ১নং খাস খতিয়ানের মোট জমির পরিমাণ= ২৫৯.১০ একর। | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শ্যামলী নবী**
উপসচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**সংস্থাপন-১ শাখা**

**অফিস আদেশ**

তারিখ : ১১ জানুয়ারি ২০২২

নং **৪০.০০.০০০০.০২০.১২.০০১.২২-২২**—শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ক্যাডার বহির্ভূত ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাগণের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০১-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ নং স্মারক অনুযায়ী নির্দেশক্রমে নিম্নবর্ণিতভাবে বিভাগীয় পদোন্নতি কমিটি (ডিপিসি) কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

২. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা
৩. যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা
৪. যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা

**সদস্য-সচিব**

৫. যুগ্মসচিব (সংস্থাপন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা

**কমিটির কার্যপরিধি :**

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাগণের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/ সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ করবে।

(২) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণির গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ২য় হইতে ১ম বা ৩য় হইতে ১ম শ্রেণির পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারী কর্ম কমিশনের আওতাভুক্ত। এই জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকিবে।

**মোঃ হানিফ সিকদার**
উপসচিব (সংস্থাপন-১)।

---

**শিল্প মন্ত্রণালয়**
**ডিপিডিটি অধিশাখা**

**আদেশ**

তারিখ : ১৮ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ/০২ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩৬.০০.০০০০.০৭৫.১৮.০০৬.১৫-০১**—নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের আইটি ইউনিটের জন্য রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত নিম্নবর্ণিত ০৫ (পাঁচ) টি পদ ০১-০৬-২০২১ খ্রি. তারিখ হতে স্থায়ীকরণে নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে সরকারি আদেশের (জি.ও) মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|
| ১. | সিস্টেম এনালিষ্ট | ০১ (এক)টি |
| ২. | কম্পিউটার অপারেটর | ০১ (এক)টি |
| ৩. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ০৩ (তিন)টি |
| | মোট = | ০৫ (পাঁচ)টি |

**শর্তাবলি :**

(ক) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক যাবতীয় আনুষ্ঠানিকতা পালনপূর্বক মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডই-তে অস্থায়ী পদগুলো স্থায়ী হিসেবে অন্তর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-র ০১ (এক) কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আরোপিত শর্তাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৬০.১৫.০২৫.১৮-৭৯, তারিখঃ ১৩-০৪-২০২১ খ্রি. এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের পত্র নং-০৭.০০.০০০০.১৫৮.২৮.০৩৪.২১-১৯০, তারিখঃ ০৮-১১-২০২১ খ্রিষ্টাব্দ মোতাবেক অনুমোদন রয়েছে;

৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**শামিম সুলতানা**
উপসচিব।

---

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
## (শাখা-৪)

### প্রজ্ঞাপন

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৪৩.০০.০০০০.১১৩.১৮.০৯২.২১.৬৫৫**—জাতীয় গ্রন্থকেন্দ্র আইন-১৯৯৫(১৯৯৫ সালের ২৭ নং আইন) এর ৬(১) ধারা অনুযায়ী নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে জাতীয় গ্রন্থকেন্দ্র পরিচালনা বোর্ড নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো :

**চেয়ারম্যান**

ক. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

খ. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা

গ. অর্থ বিভাগ কর্তৃক মনোনীত অন্যূন উপসচিব পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তা

ঘ. সংশ্লিষ্ট উপসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

ঙ. শিক্ষা মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা

চ. তথ্য মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা

ছ. সচিব, বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন

জ. সভাপতি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি

ঝ. সরকার কর্তৃক মনোনীত দুইজন বুদ্ধিজীবী

১. অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম, বাসা-৭৬/এ, আরবান প্যারাগন, ফ্ল্যাট-৯বি, রোড-১২/এ, ধানমন্ডি, ঢাকা।

২. কথা সাহিত্যিক সেলিনা হোসেন, বাড়ি-১৬/এ, রোড-২, শ্যামলী, ঢাকা।

ঞ. সরকার কর্তৃক মনোনীত দুইজন পুস্তক প্রকাশক

১. জনাব মফিদুল হক, ট্রাস্টি, মুক্তিযুদ্ধ জাদুঘর ও স্বত্বাধিকারী, সাহিত্য প্রকাশ, ঢাকা।

২. সভাপতি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি, ঢাকা

ট. সরকার কর্তৃক মনোনীত দুইজন মুদ্রাকর

১. সচিব, বাংলা একাডেমি, ০৩, কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা।

২. সাধারণ সম্পাদক, বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতি ও স্বত্বাধিকারী আর আর প্রিন্টিং এন্ড প্যাকেজিং, ঢাকা।

ঠ. পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

ড. সভাপতি, মুদ্রণ শিল্প সমিতি।

**সদস্য-সচিব**

ঢ. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ৫/সি, বঙ্গাবন্ধু এভিনিউ, ঢাকা।

০২। জাতীয় গ্রন্থকেন্দ্র আইন-১৯৯৫ (১৯৯৫ সালের ২৭ নং আইন) এর ৬(২) এর উপধারা (১)(ঝ) ও (ঞ) এর অধীন মনোনীত সদস্যগণ তাঁদের মনোনয়নের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই কোন কারণ দর্শানো ছাড়া উক্তরূপ কোন সদস্যকে তাঁর পদ হতে অপসারণ করতে পারবেন। আরও শর্ত থাকে যে, উক্তরূপ কোন সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

০৩। এ আদেশ ১৩ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে কার্যকর হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে জারীকৃত ০২ ডিসেম্বর ২০১৯ তারিখের সবিম/শাঃ৪/জাগ্র-৭৮/৯৬/৪৪১ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

**ড. ললিতা রাণী বর্মন**
উপসচিব।

---

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
## মৎস্য-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৯ পৌষ ১৪২৮ বাং/০৩ জানুয়ারি ২০২২ খ্রি.

**নং ৩৩.০০.০০০০.১২৬.০১.১৬৮.১৮-০৫**—যেহেতু, জনাব মোঃ তফিকুল ইসলাম, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা গত ০৬-০৮-২০১৮ তারিখ মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকায় যোগদান করেন। যোগদানের পর ০৭-০৮-২০১৮ তারিখ হতে তিনি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে মৎস্য অধিদপ্তর হতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। কারণ দর্শানোর সময়সীমা অতিবাহিত হওয়ার পরও কর্মকর্তা কর্মস্থলে উপস্থিত না হওয়ায়

এবং পত্রের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর অনুরোধ করেন।

যেহেতু, তাঁর এই অননুমোদিত অনুপস্থিতির কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ এর (খ) ও (গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ এনে তাঁর বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করতঃ বিভাগীয় মামলা নং-২/২০১৯ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। তিনি কোনো প্রকার লিখিত জবাব প্রদান করেননি এবং ব্যক্তিগত শুনানি চাননি। ফলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী অভিযোগ তদন্তে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, জনাব মোঃ তফিকুল ইসলাম, মৎস্য সম্প্রসারণ কর্মকতা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ তদন্তে প্রমাণিত হয় এবং তাঁকে কেন গুরুদণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। নোটিশের কপি তাঁর ঠিকানায় ও ব্যক্তিগত ই-মেইলে প্রেরণ করা হয়। তিনি ২য় কারণ দর্শানো নোটিশের কোনো প্রকার জবাব দাখিল করেননি;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগে একই বিধিমালার বিধি ৪ এর (৩) (ঘ) অনুযায়ী গুরুদণ্ড আরোপের বিষয়ে মতামত প্রদানের জন্য বাংলাদেশ সরকারি কর্মকমিশনকে অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারি কর্মকমিশন একই বিধি ৪ এর (৩) (ঘ) অনুযায়ী অভিযুক্তকে চাকরি হতে বরখাস্ত (Dismissal From Service) করার প্রস্তাবের সাথে একমত পোষণ করে;

সেহেতু, জনাব মোঃ তফিকুল ইসলাম, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে দোষী সাব্যস্ত করা হল। একই বিধিমালার ৪ এর (৩)(ঘ) বিধি অনুযায়ী তাঁকে ০৭-০৮-২০১৮ তারিখ হতে সরকারি চাকরি থেকে বরখাস্ত (Dismissal From Service) করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী**
সচিব।

## বস্ত্র ও পাট মন্ত্রণালয়
## বস্ত্র-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২০ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ/০৪ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

নং **২৪.০০.০০০০.১১৫.২২.০০৫.১৬(অংশ-১)-০৬**—বস্ত্র আইন, ২০১৮ (২০১৮ সনের ৩৭ নং আইন) এর ১৪ ধারার ক্ষমতাবলে বায়িং হাউজ নিবন্ধন আবেদনের পদ্ধতি, নিবন্ধন সনদ প্রদান, নিবন্ধন স্থগিত ও নবায়ন ফি নির্ধারণসহ অন্যান্য প্রয়োজনীয় বিষয়াদি নির্ধারণের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক ০১-০৪-২০১৯ তারিখের ২৪.০০.০০০০.১১৫.২২.০০৫.১৬ (অংশ-১)-১২২ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের ২(১)(চ) উপ-অনুচ্ছেদে "সংশ্লিষ্ট বাণিজ্যিক সংগঠনের সদস্যপদের সনদপত্রের সত্যায়িত কপি" দাখিল করতে হবে অংশটুকু এতদ্বারা বাদ দেয়া হলো।

এবং

বায়িং হাউজ নিবন্ধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাণিজ্যিক সংগঠন বিষয়ক বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক ০৪-০৮-২০২০ তারিখের ২৪.০০.০০০০.১১৫.২২.০০৫.১৬(অংশ-১)-১৮৬ নং স্মারকে জারীকৃত স্পষ্টীকরণ পরিপত্রটিও বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশ

তারিখ : ০৯ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

নং **বিচার-৭/২-এন-০৮/২০১৯-৫৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব কবির হোসেন, জন্ম তারিখঃ ০১-০৬-১৯৮৫ খ্রি., পিতা-মৃত কোরবান আলী, মাতা-মৃত হাওয়া, গ্রাম-৫৪/৬, উজামপুর, ডাকঘর-উজামপুর, থানা-উত্তরখান, জেলা-ঢাকা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৬ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

নং **বিচার-৭/২-এন-৬৩/২০০২(অংশ-১)-৬১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মো. সিরাজুল ইসলাম, জন্ম তারিখ : **১০-১১-১৯৮০** খ্রি., পিতা-মোঃ হযরত আলী, মাতা-ছাহেরা খাতুন, গ্রাম-আশ্রা, ওয়ার্ড নং-০৩, ডাকঘর-আশ্রা, উপজেলা-মধুপুর, জেলা-টাঙ্গাইল।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলার নবগঠিত ০২ নং মহিষমারা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ/১০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

নং **বিচার-৭/২-এন-৪২/২০১৩-৩১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ শামীম মিয়া, জন্ম তারিখ : ০৪-০৫-১৯৯৭ খ্রি., পিতা-মিন্টু মিয়া, মাতা-শাহীনুর, গ্রাম-মালতীপুর, ডাকঘর-বেগুনবাড়ী, থানা-মুক্তাগাছা, জেলা-ময়মনসিংহ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার ০৪ নং কুমারগাতা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।